Bengal Form No. 27

FIRST INFORMATION REPORT
(Under Section 154 Cr. P.C.)

19383

Dist. Paschim MDP. P.S. Anandapur Year 2019 FIR No. 146/19 Date 03.10.19

(i) Act. IPC Sections 341/325/307/379/506

(ii) Act Sections

(iii) Act Sections

(iv) Other Acts & Sections

(a) Occurrence of Offence: Day Since after marriage

Time Period Date From 21.07.19 Date To

(b) Information received at P.S. Date On 03.10.19 Time From 14:30-15:00 hr Time To

(c) General Diary Reference: Entry No (s) 117 Time 12:15 hrs.

Type of Information Written / Oral Time 12:15 hrs.

Place of Occurrence (a) Direction and Distance from P.S. East 07 K.M Beat No. J.L No - 369

(b) Address Vill - Ekra, P.O - Keshpur, P.S - Anandapur, Dist - Paschim Medinipur.

(c) In case outside limit of this Police Station, then the

Name of the P.S. District

Complaint / Informant:

(a) Name Tuku Paramanik

(b) Father's / Husband's Name W/O Lt. Byomkesh Paramanik

(c) Date / Year of Birth – (d) Nationality Indian

(e) Passport No. – Date of Issue – Place of Issue –

(f) Occupation –

(g) Address vill - Ekra, P.O. Keshpur, P.S. Anandapur, Dist - Paschim MDP.

Details of Known / Suspected / Unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary)

① Surajit Singh S/O Lt. Lakshman Singh ② Sonali Paramanik W/O Topan Paramanik S/O Lt. Lakshman Singh all of village - Ekra, P.O - Keshpur, P.S - Anandapur PS Dist - Paschim Medinipur.

Reasons for dealy in reporting by the Complainant / Informant –

Particulars of properties stolen / involved: (Attach separate sheet, if necessary): –

Total value of properties stolen / involved: –

Inquest report / U.D. : Case No., if any: Not arise

FIR Contents: (Attach separate sheets, if required): The original written court complaint of the ~~complainant~~ duly forwarded by Ld. CJM Paschim Medinipur vide MP case No. /2019 which is treated as FIR as reproduce below.

Action taken: Since the above report reveals commission of offence (s) as mentioned at item No. 2., registered the case and took up the investigation / directed ASI Supriya Samanta to take up the investigation / refused investigation / transferred to P.S. on point of jurisdiction. FIR read over the Complainant / informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.

03/10/2019

Signature / Thumb Impression of the Complainant / Informant

Date & Time of despatch to the court:

Suvashis Mukherjee 03.10.19

Signature of the Officer-in-charge, Police Station

Name: SUVASHIS MUKHERJEE

Rank: ASI OF POLICE No.

Scanned by CamScanner

In the Court of the Chief Judicial Magistrate.
Paschim Medinipur

M.P. Case No _____/2019

An application U/S 156(3) Cr.P.C

বাদিনী ঃ–

টুকু পরামানিক

স্বামী – ঁব্যোমকেশ পরামানিক

গ্রাম – ইকড়া,

পোঃ – কেশপুর,

থানা – আনন্দপুর,

জেলা– পশ্চিম মেদিনীপুর ।

আসামীগন ঃ–

১) সুরজিৎ সিং

পিতা – ঁলক্ষন সিং

২) সোনালী পরামানিক

স্বামী – তপন পরামানিক

পিতা – ঁলক্ষন সিং

সর্ব্ব সাং গ্রাম – ইকড়া,

পোঃ – কেশপুর,

থানা – আনন্দপুর,

জেলা– পশ্চিম মেদিনীপুর ।

সাক্ষীগন ঃ–

১) তপন পরামানিক

পিতা – ঁব্যোমকেশ পরামানিক

১) ভূতা ঘোড়ই

পিতা – বিমল ঘোড়ই

২) ক্যাবলা সিং প্রঃ

বাঁশরী সিং

পিতা – জারমন সিং

উভয় গ্রাম – ইকড়া,

পোঃ – কেশপুর,

থানা – আনন্দপুর,

জেলা– পশ্চিম মেদিনীপুর ।

৩)কেশপুর গ্রামীন হাসপাতালের ডাক্তার বাবু

৪) মেদিনীপুর সদর হাসপাতলের ডাক্তার বাবু

৫) কটক হাসপাতালে ডাক্তার বাবু

৬) আনন্দপুর থানার পুলিশ অধিকারক

ও

আরো অনেকে,

Received on 03.10.19 at 12:15hr and started Amalpur PS Case no-146/19, dt-03.10.19, U/S-341/325/307/379/506 IPC

S. Munchanja 03.10.19.

Scanned by CamScanner

দরখাস্তকারিনীর অধিন দরখাস্তকারিনী টুকু পরামানিকের বিনীত নিবেদন এই যে, –
বাদিনী টুকু পরামানিক একজন বিধবা অসহায় বৃদ্ধা মহিলা হইতেছে এবং একজন শান্তিপ্রিয় মহিলা হইতেছে। বাদিনী তাহার পুত্র তপন পরামানিকের সঙ্গে একই গৃহে উক্ত উল্লিখিত ঠিকানাতে বসবাস করিয়া আসিতেছে। অদ্য হইতে বেশ কয়েক বৎসর পূর্বে ওই একই গ্রামের লক্ষন সিং এর কন্যা সোনালীর সহিত বাদিনীর পুত্র তপনের শুভ বিবাহ সম্পন্ন হয়। কিন্তু তপনের রোজগার কম বলিয়া তপনের স্ত্রী অর্থাৎ বাদিনীর বৌমা সোনালী তপনকে প্রথম থেকেই ঘৃনা করিত এবং নিচু নজরে দেখিত। বিনা কারনেই সোনালী তার স্বামী তপনের সহিত ঝগড়া ঝামেলা করিত। বাদিনী মিমাংসা করিতে গেলে তাহাকেও মানিত না এবং একই গ্রামে সোনালীর বাপের বাড়ী হওয়াতে কাউকে কিছু না বলে যখন তখন বাপের বাড়ী চলিয়া যাইত এবং এতে সোনালীর দাদা সুরজিৎ সিং এই রূপ ঝামেলা সৃষ্টি করিবার জন্য মদত দিত। এইরূপ গত ইং ১০.০৩.২০১৮ তারিখ বাদিনীর বৌমা সোনালী তার স্বামী ও শাশুড়ীর সঙ্গে অকারনে ঝগড়া করিয়া নাবালক পুত্র, কন্যাকে সঙ্গে লইয়া স্বেচ্ছায় স্বামীর গৃহ ত্যাগ করিয়া বাপের বাড়ী চলিয়া যায় এবং যাইবার সময় তার স্বামী তপনের Original voter card, Aadhar card সঙ্গে করিয়া লইয়া চলিয়া যায়। বাদিনী ও তার পুত্র তপন বারংবার সোনালীকে তাহার সংসারে ফিরিয়া আনতে গেলে সোনালী তার স্বামীর গৃহে ফিরিয়া আসিতে চায় না। অতপর তপন মেদিনীপুর আদালতের দ্বারস্থ হইয়া গত ইং ২৮.০২.২০১৯ তারিখে আদালত হইতে U/S 9 of Hindu Marriage Act অনুযায়ী একটি বধূ ফেরতের মামলা করে যাহা মেদিনীপুর আদালতের Addl. Dist Judge 1st Court এ বিচারাধীন রহিয়াছে। উক্ত মামলার আদালত কর্তৃক নোটিশ পাইয়া তপনের শ্রী সোনালী অতি উগ্রমূর্তি ধারন করে এবং প্রতিবেশী দের বলিয়া বেড়ায় মামলা করার চরম পরিনতি অতি শীঘ্রই তপন বুঝিতে পারিবে এবং তপনের মা অর্থাৎ বাদিনী ও এর ফল ভোগ করিবে। ঘটনার পরবর্ত্তী পরিনিত এইরূপ যে, গত ইং ২১.০৭.২০১৯রবিবার দুপুর প্রায় আড়াইটা তিনটার সময় তপন যখন সেদিনের মত দিনমজুরের কাজ সারিয়া বাড়ীতে ফিরিয়া

Scanned by CamScanner

আসিতেছিল। সেই সময় দুপুরের শুনশান নির্জন রাস্তাতে স্থান গোলার পুকুর পিচ রাস্তার নিকট সোনালীর দাদা সুরজিৎ সিং তপনের পথ আটকে দাঁড়ায় এবং তপনকে লক্ষ্য করিয়া অশ্লীল ভাষা সহকারে গালিগালাজ করে এবং বলে "আমার বোনের নামে মামলা করা হয়েছে, তোকে আজ শেষ করিয়া দেবো" এই বলিয়া সুরজিৎ তার হাতে থাকা একটি লোহার রডের দ্বারা প্রাণে মারিয়া ফেলিবার উদ্দেশ্যে তপনের মাথা লক্ষ্য করিয়া সজোরে আঘাত করিতে থাকে ফলে তপনের মাথা ফাটিয়া রক্ত ঝরতে থাকে ও মাটিতে তৎক্ষনাৎ লুটাইয়া পড়ে তারপর ও সুরজিৎ ওই রডের দ্বারা তপনের বুকে, পিঠে ও চোখে আঘাত করে এরফলে তপনের গুরুতর আঘাত লাগেও [redacted] চোখের লাগে ও [redacted] চোখের আঘাত খুবই গুরুতর হয় এবং রক্তাক্ত জখম প্রাপ্ত হয়। কিছু বাদে দু একজন লোকজন ছুটিয়া আসিলে সুরজিৎ সেস্থান হইতে অতিদ্রুত চলিয়া যায় এবং যাইবার পূর্বে তপনের প্যান্টের প্যাকেট থাকা দুই হাজার টাকা জোর করিয়া কাড়িয়া লইয়া যায়। তপনকে এইরূপ রক্তাক্ত জখম দেখিয়া পাশাপাশি লোকজনের সহায়তায় তপনকে প্রথমে কেশপুর গ্রামীন হাসপাতালে ভর্তি করা হয় এবং জখম গুরুতর হওয়াতে ওই দিনই সন্ধ্যাতে অর্থাৎ ঘটনার দিনই (২১.০৭.২০১৯) মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসার জন্য ভর্ত্তি করা হয়। তপনের মাথা ফাটিয়া যাওয়াতে মাথায় বেশ কয়েকটি সেলাই পড়ে ও বেশ কিছু দিন মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্ত্তি থাকিবার পর [redacted] চোখের আঘাত গুরুতর হওয়াতে তপনকে কলকাতার হাসপাতালে রেফার করা হয় এবং বর্তমানে বাদিনীর পুত্র তপন কটকের একটি হাসপাতালে চিকিৎসার জন্য ভর্ত্তি রহিয়াছে। অভিযুক্তগন প্রকাশ্যে বলিয়া বেড়াইতেছে যে "এইবার নাগালে পাইলে মা ও ব্যাটা দুইজনকেই একেবারে শেষ করিয়া দিব"। বাদিনী গত ইং ০১.০৮.২০১৯ তারিখ ডাকযোগে আনন্দপুর থানার পুলিশ আধিকারীককে সমূহ ঘটনা জানাইয়াছে এবং ০৫.০৮.২০১৯ তারিখ ডাকযোগে পশ্চিম মেদিনীপুর জেলার পুলিশ সুপারকে ঘটনা জানানো সত্ত্বেও অদ্যাবধি অভিযুক্ত ব্যক্তিগনের প্রতি পুলিশ কোন ব্যবস্থা গ্রহন না করাতে অদ্য

Scanned by CamScanner

আদালতের শরনাপন্ন হইয়া দোষী ব্যক্তিগনের শাস্তি চাহিয়া অদ্য হুজুরের কাছে বিনীত ভাবে প্রার্থনা করিতেছে। হুজুর বাহাদুর বাদিনীর লিখিত সমূহ বিবরণ O/C আনন্দপুরের নিকট F.I.R হিসাবে প্রেরণ করিয়া সুবিচার করিতে আজ্ঞা হয়। নিবেদন ইতি তাং –

এ্যাফিডেভিট

আমি টুকু পরামানিক স্বামী – ৺ব্যোমকেশ পরামানিক, বয়স - .....বৎসর, জাতি - হিন্দু, পেশা - গৃহকর্ম্মাদি, গ্রাম – ইকড়া, পোঃ – কেশপুর, থানা – আনন্দপুর, জেলা – পশ্চিম মেদিনীপুর, ধর্ম্মতঃ প্রতিজ্ঞা পূর্ব্বক প্রকাশ করিতেছি যে,

আমি অত্র মোকর্দ্দমায় বাদিনী হইতেছি।

২) আমি উক্ত মোকর্দ্দমার সমূহ বিবরণ সম্বন্ধে অবগত রহিয়াছি।

৩) অত্র মোকর্দ্দমা দাখিলে আমি উপযুক্ত ও যোগ্য মহিলা হইতেছি।

৫) আমি উক্ত মোকর্দ্দমা দাখিলের পূর্বে উক্ত আসামীর বিরুদ্ধে গত ইং ০১.০৮.২০১৯ তারিখ O/C Anandapur P.S এবং গত ইং ০৫.০৮.২০১৯ তারিখ S.P. Paschim Medinipur ডাকযোগে রেজিষ্ট্রী মারফৎ অভিযোগ জানাইয়াছি।

৬) অত্র মোকর্দ্দমার পোষকার্থে ও উক্ত বিবরণ সমূহ সত্য জানিয়া আমি অদ্য হলফনামায় স্বাক্ষর করিলাম।

আমার অত্র হলফনামার ১নং হইতে ৬নং দফার উক্তি সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য হইতেছে।

L T I for Tuku Paramanik

Deponent

Known to me and identified by me & signed in my presence

Advocate

Affidavit No. 481 dt 7-8-19
The deponent admitted & statement by this affidavit

S. Bhaumik, Notary
Midnapur

Scanned by CamScanner